৭০

দৈনিক ইত্তেফাক

তারিখ 2 1 APR 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

## এসএসসি পরীক্ষায় ২য় দফা কেন্দ্র ফি আদায়

রায়পুর (লক্ষীপুর) সংবাদদাতা ।। পরীক্ষার ফি দেওয়ার সময় বোর্ড নির্ধারিত কেন্দ্র ফি দেওয়ার পরও গত কয়েক বৎসর যাবৎ রায়পুর থানা এস,এস,সি পরীক্ষার্থীদের নিকট হইতে পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্র ফির নামে পুনরায় টাকা নেওয়া হয় বলিয়া অভিযোগ পাওয়া যায়।

জানা যায়, পরীক্ষা কেন্দ্রের স্থানীয় ভাবে বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য বোর্ড কর্তৃক পরীক্ষার্থীদের

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## এস,এস,সি পরীক্ষায়

( ৩য় পৃঃ পর )

নিকট ''পরীক্ষা কেন্দ্র ফি'' (সেন্টার ফি) ধার্য করা থাকে। এই বৎসর বোর্ড নির্ধারিত কেন্দ্র ফি ধার্য্য ছিল ৮৫ টাকা। রায়পুর থানার বিভিন্ন স্কুলগুলি বর্তমান পরীক্ষা শুরু হওয়ার ৩ মাস পূর্বেই পরীক্ষার্থীদের নিকট হইতে এস, এস, সি পরীক্ষার ফি নেওয়ার সময় কেন্দ্র ফি আদায় করিয়া নেয়। স্কুল কর্তৃপক্ষরা উক্ত কেন্দ্র ফি পরীক্ষা শুরু হওয়ার পূর্বেই স্থানীয় এস, এস, সি পরীক্ষা কেন্দ্র কমিটির নিকট জমা দিয়া দেয়।

স্থানীয় কয়েকজন স্কুল শিক্ষক জানান, গত কয়েক বৎসরের মত এইবারও স্কুলগুলি হইতে কেন্দ্র ফি নেওয়ার পরও রায়পুর পরীক্ষা কেন্দ্র কমিটি বর্তমান পরীক্ষা শুরু হওয়ার পর নিয়ম-বহির্ভূতভাবে পরীক্ষার্থী-দের নিকট হইতে কেন্দ্রটির নামে ২য় দফায় জনপ্রতি ৬৫ টাকা করিয়া আদায় করিয়া নিতেছে।

এই ব্যাপারে জিজ্ঞাসা করিলে রায়পুর এস,এস,সি পরীক্ষার কেন্দ্র কমিটির বর্তমান সেক্রেটারী জানান, বোর্ডের নির্ধারিত ফি দ্বারা স্থানীয়-ভাবে কেন্দ্রের বিভিন্ন ব্যয় চালানো সম্ভব হইতেছে না। যাহার কারণে পরীক্ষার্থীদের নিকট হইতে পুনরায় কেন্দ্র ফি নিতে হয়।